

বিশ্ব

বায়োটেক তুলার বিরুদ্ধে পোকাকার প্রতিরোধ ব্যবস্থা

ইউ.এস. ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার এবং ইউনিভার্সিটি অব আরিজোনা এর একদল বিজ্ঞানী বায়োটেক তুলার বিরুদ্ধে আক্রমণকারী পোকা কিভাবে সহনশীল আচরণ তৈরী করতে পারে তার জেনেটিক কারন অনুসন্ধান করতে সক্ষম হয়েছে। ভারত এবং আরিজোনার বিটি তুলার ক্ষেত্রে থেকে সংগৃহীত পোকাকার মধ্যে একই ধরনের জিন খুঁজে পাওয়া গেছে যা ক্যাডেরিন নামক প্রোটিন উৎপাদন করে বিটি টক্সিনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে সক্ষম।

Read more information at <http://uanews.org/story/scientists-discover-genetic-basis-of-pest-resistance-to-biotech-cotton>; Read the research article at <http://www.plosone.org/article/info%3Adoi%2F10.1371%2Fjournal.pone.0097900>

আফ্রিকা

আফ্রিকা জুড়ে বায়োটেক ক্যাম্পেইন

গত ২২-২৬ এপ্রিল Open Forum on Agricultural Biotechnology in Africa (OFAB) এর বার্ষিক সভায় আফ্রিকাজুড়ে বায়োটেক ক্যাম্পেইন (প্রচারণা) করার নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কৃষক থেকে বিজ্ঞানী পর্যায় পর্যন্ত এ প্রচারণা চালানো হবে। উক্ত ক্যাম্পেইনটি বিভিন্ন অঞ্চলের স্থানীয় ভাষায় পরিচালনা করা হবে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

Read more at http://newsdiaryonline.com/ofab-recommends-forum-champion-biotech-africa/?utm_source=NewsdiaryOnline+Newsletter&utm_campaign=58172d44c5-Newsdiaryonline_Newsletter12_25_2012&utm_medium=email&utm_term=0_4063d77b12-58172d44c5-42669973

জীব নিরাপত্তা আইন বিষয়ে কর্মশালা

সম্প্রতি টোগার পরিবেশ মন্ত্রণালয় তাদের দেশের জীব নিরাপত্তা কেমন হওয়া উচিত এ বিষয়ে গবেষক, শিক্ষক, আইনজীবী এবং গণমাধ্যম কর্মীদের অংশগ্রহণে একটি কর্মশালার আয়োজন করে। উক্ত কর্মশালায় বিভিন্ন পেশার ব্যক্তির নিজ নিজ ক্ষেত্রে তাদের অভিমত তুলে ধরেন। সকলের বক্তব্যের সামগ্রিক রূপ ২০১৪ সালের শেষ সংসদে উপস্থাপন করা হবে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

For more information on the revision of the Togolese Biosafety law, contact Prof. Diran Makinde at African Biosafety Network of Expertise at diran.makinde@nepadbiosafety.net

আমেরিকা

খরা সহিষ্ণু ভূট্টার জিনগত পরিবর্তন

সম্প্রতি যুক্তরাষ্ট্রের একদল বিজ্ঞানী খরা সহিষ্ণু, ভূট্টার ইথিলিন উৎপাদনের জন্য দায়ী জিনে এর কর্মপ্রক্রিয়া পরিবর্তন করে দিয়েছে। এর ফলে এ ফসলের একদিকে যেমন উৎপাদন বেড়েছে, অন্যদিকে রোগ প্রতিরোধ ক্ষমতাও বেড়েছে। বর্তমানে গবেষণাটি মাঠ পর্যায়ে পর্যবেক্ষণরত রয়েছে।

Read the abstract at <http://www.ncbi.nlm.nih.gov/pubmed/24618117>

পোকা প্রতিরোধে মোবাইল ব্যবহার

ভূট্টার চাষে রুটওয়ার্ম সবচেয়ে মারাত্মক ক্ষতি সাধন করে থাকে। কৃষকেরা দুশ্চিন্তায় থাকে এ পোকাকার হাত থেকে রক্ষা পাওয়ার জন্য। সম্প্রতি Genecity® তাদের iPad ব্যবহারকারীদের জন্য এ পোকাবিরোধী সেবা নিয়ে এসেছে। এ প্রযুক্তির মাধ্যমে পোকা আক্রান্ত ফসলের ক্ষেতের অবস্থান অনুযায়ী ব্যবস্থা নেয়া সম্ভব হবে। শুধু তাই নয় কৃষকের মোবাইলে আক্রমণ বার্তাসহ ব্যবস্থাপনার বিষয়েও পরামর্শ পাওয়া যাবে এ প্রযুক্তির মাধ্যমে।

Read more at <http://news.monsanto.com/press-release/products/genecity-launches-first-its-kind-app-technology-corn-rootworm-risk-assessment>

এশিয়া

তুলা উদ্ভিদের জীবনরহস্য উন্মোচন

চীনের একদল বিজ্ঞানী সম্পূর্ণ *Gossypium arborium* প্রজাতির তুলার জীবন রহস্য উন্মোচন করতে সক্ষম হয়েছে। এ আবিষ্কারের ফলে দেশটিতে তুলার উৎপাদন ২০% বেড়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন সংশ্লিষ্টরা। কেননা জিনোম সিকোয়েন্স জানা তাকার ফলে রোগ প্রতিরোধ ক্ষমতা ও জলবায়ু পরিবর্তনজনিত সমস্যা মোকাবেলায় সক্ষম তুলার জাত উদ্ভাবন করা সহজ হবে।

Read more at http://www.genomics.cn/en/news/show_news?nid=99998

গবেষণা

তামাকে সাইটোকাইনের উৎপাদন বাড়াতে বায়োটেকনোলজি

Agrobacterium tumefaciens এর মাধ্যমে জেনেটিক ইঞ্জিনিয়ারিং করে উদ্ভিদে জিন স্থানান্তরের আগ্রহ দিনের পর দিন বেড়েই চলেছে। এরই ধারাবাহিকতায় সম্প্রতি একদল বিজ্ঞানী তামাক উদ্ভিদে সাইটোকাইনিন উৎপাদনকারি জিন সন্নিবেশ করতে সক্ষম হয়েছে যা এ উদ্ভিদের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে ভূমিকা রাখবে বলে মনে করছে সংশ্লিষ্ট।

For further information on the subject, please visit: <http://www.biomedcentral.com/1471-2229/14/127/abstract>